


“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”  
আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ  
ASHUGANJ POWER STATION COMPANY LTD.  
(An Enterprise of Bangladesh Power Development Board)  
ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001:2018 Certified Management System.



স্মারক নং: ২৭.২৫.১২৩৩.২১১.১১.০০৩.১৮(এড-৩).৫৬০

তারিখ: ২৩ ডাঃ ১৪২৭ বঙ্গাব্দ  
০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল) বাংলাদেশের সর্ববৃহৎ বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম, সংখ্যা ও প্রারম্ভিক মূলবেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী ব্যবস্থাপক (স্টোর) (পদ: ১টি) মূল বেতন: ৫২,০০০/-	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ক. যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; খ. কমপিউটার (MS Word, MS Excel) চালনায় পারদর্শী হতে হবে। বাংলা ও ইংরেজী ভাষায় দক্ষতা অত্যাাবশ্যিক।
২	ইমাম (পদ: ১টি) মূল বেতন: ২৬,০০০/-	কোনো স্বীকৃত মাদ্রাসা বা ইনস্টিটিউট হতে ক. কামিল ডিগ্রি অথবা দাওরায় হাদীস পাশ; খ. ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত; ব্যবহারিক জীবনে সুম্মতের অনুসারী হতে হবে। গ. হাফিজ-ই-কোরআন, আরবীতে কথা বলা ও আরবীতে উপস্থিত খোতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণা ধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে। ঘ. কোন প্রতিষ্ঠানে ইমাম বা মুফতি বা মুহাদ্দিস হিসাবে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ফ্রিজ বেনিফিট/সুবিধা:**

- ফ্রিজ বেনিফিট/সুবিধার মধ্যে রয়েছে মূল বেতন, পাওয়ার স্টেশন ভাতা, নিয়মিত আবাসন (খালি থাকা সাপেক্ষে) বা সংস্থার বিধি অনুসারে বাড়ি ভাড়া ভাতা, দুটি উৎসব ভাতা, নববর্ষ ভাতা, মেডিকেল ভাতা, শিক্ষা ভাতা, সিপিএফ, গ্র্যাটুইটি এবং কোম্পানির বিধি অনুসারে অন্যান্য ফ্রিজ বেনিফিট প্রাপ্য হবেন।
- প্রাথমিকভাবে শিক্ষানবিশ (Probationary) হিসাবে নিয়োগপত্র ০১ (এক) বছরের জন্য প্রদান করা হবে এবং শিক্ষানবিশ কালের সন্তোষজনক মূল্যায়নের ভিত্তিতে শিক্ষানবিশ কাল ০১ (এক) বছরসহ ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ নিশ্চিত করা হবে। প্রতি ০৩ (তিন) বছর পর সন্তোষজনক মূল্যায়নের ভিত্তিতে চুক্তি নবায়ন করা হবে। অবসর গ্রহণের বয়স ৬০ (ষাট) বছর।

**শর্তাবলী:**

- প্রার্থীকে এপিএসসিএল এর ওয়েবসাইট ([www.apscl.gov.bd](http://www.apscl.gov.bd)) থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করে কমপিউটার কম্পোজ এর মাধ্যমে পূরণ করতে হবে (অসম্পূর্ণ বা হাতে লেখা আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে)। পূরণকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে নির্দেশনামত প্রয়োজনীয় ডকুমেন্ট ও ৩ (তিন) কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে। পদের নাম খামের উপরে লিখতে হবে। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ১১”X ৪.৫” সাইজের একটি ফেরত খাম ১০ (দশ) টাকার ডাকটিকেটসহ আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- বয়সসীমা: ৩১ আগস্ট ২০২০ পর্যন্ত বয়স ১ নং পদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর (মুক্তিযোদ্ধা কোর্টায় প্রার্থীদের বয়স ৩২ বছর) এবং ২ নং পদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪০ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শীথিলযোগ্য।
- কোন পরীক্ষায় ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। সিজিপিএ ৪.০০ এর স্কেলে ন্যূনতম ২.৫০ অথবা সিজিপিএ ৫.০০ এর স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং ১ এর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকার এবং ক্রমিক নং ২ এর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট “আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ” এর অনুকূলে দাখিল করতে হবে। আবেদনপত্র অবশ্যই ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে ব্যবস্থাপক (এইচআরএম), আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল), আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া বরাবর পৌছাতে হবে।
- কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/বিদ্যুৎ সেক্টর প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী এপিএসসিএল এর ওয়েবসাইট: [www.apscl.gov.bd](http://www.apscl.gov.bd)- এ প্রকাশ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোর্টার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে। যে কোন প্রকার তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ প্রক্রিয়া বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোহাম্মদ এনামুল হক)

ব্যবস্থাপক (এইচআরএম)

যোগাযোগ: ০১৭১৩২৮৬৩৬৩, Email: [hrm@apscl.com](mailto:hrm@apscl.com)

CORPORATE OFFICE  
Navana Rahim Ardent (Level-8)  
185 Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka.  
Phone : +880-02-9330915  
Fax : +880-02-9330918  
E-mail : [apscl@apscl.com](mailto:apscl@apscl.com)

ASHUGANJ POWER STATION COMPANY LTD.  
Ashuganj, Brahmanbaria-3402  
Phone : +880-8528 74004  
Fax : +880-8528-74014, 74044  
Web : [www.apscl.gov.bd](http://www.apscl.gov.bd)